গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা
www.atpara.netrokona.gov.bd

নম্বর- ০৫.৪৫৭২০৪.০০০.৯৯.০১৯.২৫- ১১৬২

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী "প্রতিটি জেলা ও উপজেলায় ০১ টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প" এর অধীনে নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পেশ ইমাম | ০১ (এক) টি | ১৫,০০০/- | • ২য় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>• আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে<br>• বয়স অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে। |
| ২. | মুয়াজ্জিন | ০১ (এক) টি | ১০,০০০/- | • ২য় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>• বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। |
| ৩. | খাদিম | ০২ (দুই) টি | ৭,৫০০/- | • ২য় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত।<br>• শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। |

শর্তাবলী:

০১. প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২. নির্ধারিত আবেদন ফরম স্বহস্তে/কম্পিউটারে টাইপ করে পূরণ করে প্রার্থীর স্বাক্ষরসহ আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি উপজেলা প্রশাসনের ওয়েব সাইট www.atpara.netrokona.gov.bd এ পাওয়া যাবে।

০৩. আবেদন আগামী ১৫.০১.২০২৬ খ্রি. তারিখে মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে সরাসরি/রেজিস্ট্রি ডাকে জমা প্রদান করতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪. নির্ধারিত আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত উল্লেখ থাকতে হবে।

০৫. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণার অনুকূলে সোনালী ব্যাংক লি. এর যেকোন শাখা হতে পেশ ইমাম ৫০০ (পাঁচশত) টাকা, মুয়াজ্জিন ৪০০ (চারশত) টাকা ও খাদিম পদের জন্য ৩০০ (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৬. নিয়োগের ক্ষেত্রে জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ সহ অন্যান্য বিধিবিধান প্রযোজ্য হবে।

০৭. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

০৮. এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকরীতে নিয়োজিত কেউ আবেদন করতে পারবে না।

০৯. নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের প্রথম দুই বছর চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।

১০. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (খ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
(চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

১১. ৩০.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স নির্ধারিত হবে এবং বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১২. নিয়োগের ক্ষেত্রে বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৩. নির্ধারিত ফরম ব্যতীত অথবা অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১৫ টাকার ডাকাটিকিট যুক্ত ৪.৫×১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর প্রার্থীর নাম ও পদের নাম উল্লেখ করতে হবে।

১৭. ইতোপূর্বে উল্লিখিত পদে যেসকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৮. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৯. কোনো প্রকার সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

২০. এ নিয়োগ প্রকল্প মেয়াদ সময়ের জন্য প্রযোজ্য হবে এবং প্রকল্পের মেয়াদ শেষে চাকুরীকাল সমাপ্ত বলে গণ্য হবে।

২১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।

২২. কোনো কারণ দর্শানো ছাড়াই নিয়োগ পরীক্ষা স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০/১২/২০২৫
(মোঃ শাহনূর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা

নম্বর- ০৫.৪৫৭২০৪.০০০.৯৯.০১৯.২৫- ১১৬৫

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।

২. প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় ০১ টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।

৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।

৪. প্রশাসক, উপজেলা পরিষদ, **আটপাড়া**, নেত্রকোণা।

৫. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নেত্রকোণা।

৬. উপজেলা ............................................. অফিসার, আটপাড়া, নেত্রকোণা (তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচার করার অনুরোধসহ)।

৭. অফিসার ইনচার্জ, **আটপাড়া**, নেত্রকোণা।

৮. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৯. চেয়ারম্যান/প্রশাসক............................................ ইউনিয়ন পরিষদ (সকল), আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০. অফিস কপি।

৩০/১২/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা

# উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের বিভিন্ন পদের (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত) আবেদন ফরম

৫x৫ সে.মি. সম্প্রতি তোলা,
০৪ কপি ছবি

| | | |
|---|---|---|
| ০১. | পদের নাম: | |
| ০২. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ০৩. | জাতীয় পরিচয় পত্রের নম্বর : | |
| | জন্ম নিবন্ধন নম্বর : | |
| ০৪. | জন্ম তারিখ: দি \| ন \| মা \| স \| ব \| ৎ \| স \| র | ৫. জন্মস্থান (জেলা) : |
| ০৬. | মাতার নাম: | |
| ০৭. | পিতার নাম: | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ০৮. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ০৯. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

**১০. শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | |
|---|---|---|
| ১১. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | |
| ১২. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | |
| ১৩. | পে অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর : | তারিখ: দি \| ন \| মা \| স \| ব \| ৎ \| স \| র |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরিক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমানের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ